

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরেবাংলানগর
ঢাকা-১২০৭।
www.bpsc.gov.bd

৮০.১০৪.০১১.০০.০০.০১৮.২০১৪/৬৮

বিজ্ঞপ্তি

তারিখ : ১৭/০৫/২০১৬খ্রিঃ।

বিষয় : বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের পরিসংখ্যান কর্মকর্তা পদের মৌখিক পরীক্ষার তারিখ ও সময়সূচি প্রসঙ্গে।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের পরিসংখ্যান কর্মকর্তা পদে নিয়োগের লক্ষ্যে গত ১৩/০২/২০১৬ তারিখে গৃহীত লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা আগামী ৩০/০৫/২০১৬ তারিখ সকাল ১০.৩০ টায় বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকায় অনুষ্ঠিত হবে।

২। প্রার্থীদের নামে ডাকযোগে নতুন করে সাক্ষাৎকারপত্র প্রেরণ করা হবে না মৌখিক পরীক্ষার জন্য লিখিত পরীক্ষার প্রবেশপত্র সঙ্গে আনতে হবে। কোনো প্রার্থীর লিখিত পরীক্ষার প্রবেশপত্র হারিয়ে গেলে মৌখিক পরীক্ষার নির্ধারিত তারিখে ২(দুই) কার্যদিবস পূর্বে ২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি ও নিকটস্থ থানার জিডির কপিসহ পরিচালক ইউনিট-৪ এ যোগাযোগ করে ডুপ্লিকেট প্রবেশপত্র সংগ্রহ করতে পারবেন।

৩। চাকরিরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ নিয়োগকারী কর্তৃপক্ষের স্বাক্ষর ও সীলযুক্ত ছাড়পত্র মৌখিক পরীক্ষার বোর্ডে জমা দিতে হবে। সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (যদি থাকে), সনদের মূল কপি, লিখিত পরীক্ষার প্রবেশপত্র এবং চালানের রশিদ সাক্ষাৎকার বোর্ডে প্রদর্শন করতে হবে। মৌখিক পরীক্ষায় যোগ্য প্রার্থীদের মূল আবেদনপত্র(BPSC ফরম-৩) কমিশনের ওয়েবসাইট হতে ডাউনলোড করে তার সাথে সনদ ও প্রয়োজনীয় সকল কাগজপত্রের সত্যায়িত এক সেট সংযুক্ত পূর্বক সংশ্লিষ্ট বোর্ডে পরীক্ষার দিন জমা দিতে হবে। অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না।

৪। মৌখিক পরীক্ষার তারিখ, সময় ও স্থান কর্ম কমিশনের ওয়েব সাইট www.bpsc.gov.bd -এ পাওয়া যাবে।

পড়াশোনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন

চাকরির ক্ষেত্রে কোনরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

শেখ শাখাওয়াৎ হোসেন
পরীক্ষা নিয়ন্ত্রক(যুগ্ম-সচিব)
(নন-ক্যাডার)।
ফোনঃ ৫৫০০৬৬৫৫।

৮০.১০৪.০১১.০০.০০.০১৮.২০১৪/৬৮(৮)

তারিখ : ১৭/০৫/২০১৬খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

- ১) সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
- ২) পরীক্ষা নিয়ন্ত্রক(নন-ক্যাডার), এ কমিশন সচিবালয়, ঢাকা।
- ৩) উপ-সচিব(প্রশা/অর্থ), এ কমিশন সচিবালয়, ঢাকা।
- ৪) পরিচালক(সকল), এ কমিশন সচিবালয়, ঢাকা।
- ৫) জনসংযোগ কর্মকর্তা, এ কমিশন সচিবালয়, ঢাকা।
- ৬) চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, এ কমিশন, ঢাকা। মাননীয় চেয়ারম্যান এর সদয় অবগতির জন্য।
- ৭) বিজ্ঞ সদস্য(সকল) এর ব্যক্তিগত কর্মকর্তা, এ কমিশন, ঢাকা। সদস্য মহোদয়গণের সদয় অবগতির জন্য।
- ৮) নোটিশ বোর্ড, এ কমিশন সচিবালয়, ঢাকা।

শেখ আব্দুর রহমান
পরিচালক(যুগ্মসচিব)